



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং- ১০(২২৬)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০১৯/২৩০৬

তারিখ: ১৫/১০/২০১৯

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে কোর্সভিত্তিক ১ম মেধা

তালিকা প্রকাশ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে কোর্সভিত্তিক ১ম মেধা তালিকা ২০ অক্টোবর ২০১৯ তারিখ প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>athp<space>roll no টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে।

উল্লেখ্য যে, ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২৭ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফরম উত্তোলন করতে হবে।

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের তারিখ: শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Professional Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে।	২০/১০/২০১৯ থেকে ২৮/১০/২০১৯
খ)	১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে রেজিস্ট্রেশন ফি (ভর্তি নির্দেশিকার অনুচ্ছেদ-১৩ এ বর্ণিত কোর্সভিত্তিক ধার্যকৃত ফি অনুযায়ী) টাকাসহ চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট কপি নিয়ে সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ:	২১/১০/২০১৯ থেকে ২৯/১০/২০১৯
গ)	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি নিশ্চয়নের তারিখ:	২১/১০/২০১৯ থেকে ৩০/১০/২০১৯
ঘ)	সংশ্লিষ্ট কলেজকে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ (ভর্তি নির্দেশিকার অনুচ্ছেদ-১৩ এ বর্ণিত কোর্সভিত্তিক ধার্যকৃত ফি অনুযায়ী) যে কোন সোনালী ব্যাংক শাখায় সোনালী সেবার মাধ্যমে জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে কলেজ Login এর মাধ্যমে Admission Payment Info (Honours) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রফেশনাল “রেজিস্ট্রেশন ফি” খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 021810000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে।	৩১/১০/২০১৯ থেকে ০৫/১১/২০১৯
ঙ)	দৃষ্টি আকর্ষণ কলেজ কর্তৃপক্ষকে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (শিক্ষার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে।	

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)

ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ০২-৯২৯১০৬৮, ০২-৯২৯১০৮৪

ই-মেইল- deanug@nubd.info

স্মারক নং- ১০(২২৬)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০১৯/২৩০৬

তারিখ: ১৫/১০/২০১৯

অনুলিপি :

- ১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ২। সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। অফিস কপি।

(মো: কামরুল ইসলাম)

উপ-রেজিস্ট্রার

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪